



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



তারিখ-২০/০২/২০২৩খ্রিঃ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাভুক্ত দাখিল ও আলিম স্তরের মাদ্রাসাসমূহের সম্মানিত সুপার/অধ্যক্ষ ও শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, অত্র বোর্ডের উদ্যোগে মুক্তিযুদ্ধ বিষয়ক অনলাইন রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী রচনা প্রস্তুত করে অনলাইনে প্রেরণ করতে হবে। প্রাপ্ত রচনা মূল্যায়নপূর্বক প্রত্যেক গ্রুপ হতে বিজয়ীদের সনদসহ পুরস্কার প্রদান করা হবে।

ক্র.	গ্রুপ	রচনার বিষয়	ভাষা	সর্বোচ্চ শব্দ	প্রেরণের সর্বশেষ তারিখ
০১.	ক গ্রুপ দাখিল ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি ও ২০২৩ সালের দাখিল পরীক্ষার্থী	বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধে আলিম সমাজের ভূমিকা	বাংলা	৪৫০	২২/০৩/২০২৩
০২.	খ গ্রুপ আলিম প্রথম ও দ্বিতীয় বর্ষ এবং ২০২৩ সালের আলিম পরীক্ষার্থী	خدمات أبي الشعب بنغيندو شيخ مجيب الرحمن في تحصيل استقلال بنغلاديش বাংলাদেশের স্বাধীনতা অর্জনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর অবদান	আরবি	৫০০	২২/০৩/২০২৩

২। অংশগ্রহণেচ্ছুক শিক্ষার্থীদের জন্য নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণীয়ঃ

ক) রচনা A4 সাইজ কাগজের এক সাইডে স্ব-হস্তে লিখতে হবে এবং প্রয়োজনীয় মার্জিন রাখতে হবে।

খ) কভার পৃষ্ঠায় শিক্ষার্থীর নাম, শ্রেণি, শ্রেণি রোলনম্বর, বিভাগ ও পূর্ণ ঠিকানাসহ মাদ্রাসার নাম উল্লেখ করতে হবে।

গ) কভার পৃষ্ঠায় মাদ্রাসা প্রধানের প্রত্যয়ন ও মোবাইল নাম্বারসহ সিল-স্বাক্ষর থাকতে হবে।

ঘ) প্রস্তুতকৃত রচনা স্ক্যান করে পিডিএফ ফরম্যাটে স্ব স্ব প্রতিষ্ঠানের ই-মেইল থেকে নিম্নোক্ত ই-মেইল ঠিকানায় প্রেরণ করতে হবে।

ই-মেইলে এ্যাড্রেসঃ- mujib100@bmeb.gov.bd

ঙ) প্রতিযোগিতা সংক্রান্ত তথ্যের জন্য অফিস সময়কালীন ০১৭৬১-৮৮৭০৫৯ নম্বরে যোগাযোগ করা যাবে।

৩। সকল মাদ্রাসার সুপার/অধ্যক্ষগণকে উপর্যুক্ত বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ঢাকা

ড. মোঃ হুসাইন মাহমুদ ফারুক

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)

ও

আহ্বায়ক

অনলাইনভিত্তিক রচনা প্রতিযোগিতা আয়োজন কমিটি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২। অফিস কপি।